website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

**সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
ঢাকা।

এসএফডি সার্কুলার লেটার নং-০১/২০২০

তারিখ মার্চ ২২, ২০২০ / চৈত্র ০৮, ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**দেশে করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি রোধ/আক্রান্তদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান প্রসঙ্গে।**

আপনারা অবহিত আছেন যে, নভেল করোনাভাইরাস (কোভিড-১৯) বিশ্বজুড়ে মহামারী আকার ধারণ করেছে। বাংলাদেশও করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি হতে মুক্ত নয় এবং ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে করোনাভাইরাসের সংক্রমণ ঝুঁকি ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে।

০২। করোনাভাইরাস প্রতিরোধে আপনাদের ব্যাংকে কর্মরত সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য নিরাপত্তা প্রদানের লক্ষ্যে অনতিবিলম্বে বিশেষ উদ্যোগ গ্রহণ করা একান্ত জরুরী হয়ে পড়েছে। এ লক্ষ্যে আপনাদের ব্যাংকের প্রধান কার্যালয়/বৃহৎ শাখাসমূহে থার্মাল স্ক্যানার স্থাপন, সকল কার্যালয়ে পর্যাপ্ত হ্যান্ড স্যানিটাইজার/এন্টি ব্যাকটেরিয়াল হ্যান্ডওয়াশ/ক্ষারযুক্ত সাবানের ব্যবস্থা করা, প্রধান কার্যালয়সহ সকল শাখায় রিসেপশন/ফ্রন্ট ডেস্ক, ক্যাশ বিভাগে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী এবং এমএলএসএস/ম্যাসেঞ্জার/পিওন/দৈনিক মজুরী ভিত্তিক কর্মী, নিরাপত্তা রক্ষা কর্মীদের জন্য মাস্ক, হ্যান্ড গ্লাভস এবং হ্যান্ড স্যানিটাইজার এর ব্যবস্থা করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো। এছাড়াও আপনাদের শাখাসমূহ (এটিএম বুথসহ) নিয়মিতভাবে সংক্রমণমুক্ত রাখার কার্যকর সকল ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেয়া হলো।

০৩। এ সংকটকালীন সময়ে আপনাদের ব্যাংক উপযুক্ত প্রতিনিধি (করোনাভাইরাস সংক্রান্ত স্বাস্থ্য নিরাপত্তা বিধি পরিপালন করে) প্রেরণের মাধ্যমে সরকার কর্তৃক নির্ধারিত হাসপাতাল/স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষের সাথে আলোচনা ও পরামর্শক্রমে তাদের চাহিদার নিরিখে করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধী কিট (Kit); যথা- করোনাভাইরাস সংক্রমণ প্রতিরোধী পোশাক, হ্যান্ড গ্লাভস্, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার/এন্টি ব্যাকটেরিয়াল হ্যান্ডওয়াশ/ক্ষারযুক্ত সাবান প্রদানসহ প্রয়োজনীয় ঔষধ পত্র এবং অন্যান্য চিকিৎসা সেবা-সামগ্রী প্রদান করার লক্ষ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এ লক্ষ্যে আপনাদের ব্যাংকের সিএসআর কার্যক্রমের আওতায় করোনাভাইরাস আক্রান্ত অসহায় রোগীদের পাশে মানবিক দৃষ্টিকোণ থেকে সহযোগিতার হাত বাড়াতে আপনাদেরকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

চলমান পাতা/০২

পূর্ব পাতা হতেঃ

০৪। ক্রমিক নং-০২ এ উল্লিখিত বিষয়গুলোতে আপনাদের ব্যাংকের সাধারন বাজেট/তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য পরামর্শ দেয়া হলো। এছাড়া উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক হতে ডিসেম্বর ২২, ২০১৪ তারিখে জারীকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭/২০১৪ অনুযায়ী শিক্ষাখাতে ৩০%, স্বাস্থ্যখাতে ২০%, জলবায়ু ঝূঁকি তহবিল খাতে ১০% এবং অন্যান্য খাতে ৪০% ব্যয় করার নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে ক্রমিক নং-০৩ এ উল্লিখিত বিষয়গুলোতে চলতি বছরের জন্য করোনাভাইরাস ইস্যুতে স্বাস্থ্যখাতে বরাদ্দকৃত ২০% ব্যয়ের পরও অবশিষ্ট ৪০% (শিক্ষাখাতে ৩০% এবং জলবায়ু ঝূঁকি তহবিল খাতে ১০% ব্যতীত) হতেও এ খাতে ব্যয় করার পরামর্শ দেয়া হলো।

০৫। এ বিষয়ক ব্যয় জুন ১০, ২০১৫ তারিখের সার্কুলার লেটার নং-০৬ এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট এর 'Social Projects/ Community Investment' খাতের প্রযোজ্য উপখাতে প্রদর্শন করার জন্যও আপনাদেরকে নির্দেশনা দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিল্লাত)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩২০
E-mail: morshed.millat@bb.org.bd
gm.sfd@bb.org.bd